

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৫৮

৫/ হাজ (হজ/হজ) (এшы। باتك)

পরিচ্ছেদঃ ৭৪. মিনাতে নামায (কসর করা এবং না করা)।

باب الصَّلاَةِ بِمِنِّي

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، أَنَّ أَبَا مُعَاوِيَةَ، وَحَفْصَ بْنَ غِيَاتْ، حَدَّثَاهُ _ وَحَدِيثُ أَبِي مُعَاوِيَةَ، أَتَمُّ _ عَنِ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، قَالَ صَلَّى عُثْمَانُ بِمِنًى أَرْبَعًا فَقَالَ عَبْدُ اللَّهِ صَلَّيْتُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم رَكْعَتَيْنِ وَمَعَ أَبِي بَكْرٍ رَكْعَتَيْنِ وَمَعَ عُثْمَانُ صَدْرًا مِنْ إِمَارَتِهِ ثُمَّ أَتَمَّهَا . زَادَ مِنْ هَا وَمَعَ عُثْمَانَ صَدْرًا مِنْ إِمَارَتِهِ ثُمَّ أَتَمَّهَا . زَادَ مِنْ هَا هُنَا عَنْ أَبِي مُعَاوِيَةَ ثُمَّ تَفَرَّقَتْ بِكُمُ الطُّرُقُ فَلُودِدْتُ أَنَّ لِي مِنْ أَرْبَعِ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُعَاوِيَةً ثُمَّ تَفَرَّقَتْ بِكُمُ الطُّرُقُ فَلُودِدْتُ أَنَّ لِي مِنْ أَرْبَعِ رَكَعَاتٍ رَكْعَتَيْنِ مُعَاوِيَةً بْنُ قُرَّةَ عَنْ أَشْيَاخِهِ أَنَّ عَبْدَ اللَّهِ صَلَّى أَرْبَعًا مُثَلًى أَرْبَعًا قَالَ الْخِلاَفُ شَرَّ .

বাংলা

১৯৫৮. মুসাদ্দাদ (রহঃ) আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উসমান (রাঃ) মিনাতে (কসর না করে) চার রাক'আত নামায আদায় করেন। তখন আবদুল্লাহ্ ইবন মাসউদ (রাঃ) বলেন, আমি (এ স্থানে) নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে দু'রাক'আত, আবূ বকর (রাঃ) এর সাথে দু'রাক'আত, উমার (রাঃ) এর সাথে দু'রাক'আত এবং উসমান (রাঃ) এর খিলাফতের প্রথম দিকে চার রাক'আত নামায আদায় করি।

অতঃপর রাবী মুসাদ্দাদ আবূ মু'আবিয়া (রহঃ) হতে অতিরিক্ত বর্ণনা করেছেন য়ে, পরে এ নিয়মের (দু' বা চার রাক'আত আদায়ের) ব্যাপারে মতপার্থক্য পরিলক্ষিত হয়। রাবী বলেন, তিনি তাঁর শায়খ হতে বর্ণনা করেন, আবদুল্লাহ চার রাক'আত আদায় করতেন। রাবী বলেন, অতঃপর তাঁকে বলা হয়ঃ উসমানের অনুরূপ চার রাক'আত আদায় করুন। অতঃপর আমি চার রাক'আত (নামায) আদায় করি। তবে তিনি বলেন, মতপার্থক্য করা মন্দ কাজ।

English



Narrated 'Abd al-Rahman b. Zaid:

'Uthman prayed four rak'ahs at Mina. 'Abd Allah (b. Mas'ud) said: I prayed two rak'ahs along with the Prophet () and two rak'ahs along with 'Umar. The version of Hafs added: And along with 'Uthman during the early period of his caliphate. He ('Uthman) began to offer complete prayer (i.e. four rak'ahs) later on. The version of Abu Mu'awiyah added: Then your modes of action varied. I would like to pray two rak'ahs acceptable to Allah instead of four rak'ahs.

Al-A'mash said: Mu'awiyah b. Qurrah reported to me from his teachers: 'Abd Allah (b. Mas'ud) once prayed four rak'ahs. He was told: You criticized 'Uthman but you yourself prayed four? He replied: Dissension is evil.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন